দৈনিক সংবাদ

তারিখ ... ... MAR 06 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

৭০

## এসএসসি পরীক্ষার তৃতীয় দিন

# শাহজাদপুরে ১ কেন্দ্র বাতিল ঃ বিভিন্ন স্থানে ৪ ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে বাংলা ১ম পত্রের পরীক্ষাতেও সারা দেশের বিভিন্ন কেন্দ্রে ব্যাপক নকল ও গণটোকাটুকি চলেছে। নকলের ঘটনায় শাহজাদপুরের একটি কেন্দ্র বাতিল করা হয়েছে। নকল সরবরাহে বাধা দেয়ায় বিভিন্ন স্থানে ৪ জন ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত হয়েছেন।

৫ শিক্ষা বোর্ডে গতকাল রোববার ২ হাজারেরও অধিক পরীক্ষার্থী ও প্রায় ২০ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। বিভিন্ন স্থানে নকল সরবরাহকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ঘটেছে। এতে আহত হয়েছে প্রায় ৩০ জন। এসএসসি ঃ পৃঃ ২ কঃ ৬

## এসএসসি ঃ তৃতীয় দিন

( ১ম পৃষ্ঠার পর )

ব্যাপক হারে নকল এবং এ নিয়ে গোলযোগের ঘটনায় শাহজাদপুর পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্র গতকাল বাতিল করা হয়েছে। এ কেন্দ্রে এবং শাহজাদপুর সরকারি কলেজ উপকেন্দ্রে নকল সরবরাহকারীদের হাতে কর্তব্যরত দুজন ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত হয়েছেন।

ঈশ্বরগঞ্জ বিশ্বেশ্বর স্কুল কেন্দ্রে পরীক্ষার্থীকে বহিষ্কারের ঘটনায় নকল সরবরাহকারীরা ম্যাজিস্ট্রেট এবং ভিজিলেন্স টিমকে লক্ষ্য করে ডিম ছুড়ে মারে।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন কেন্দ্রে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৩শ' ৯৩ জন। এর মধ্যে ঢাকা মহানগরীতে ২ জন, গাজিপুরে ৭ জন, মানিকগঞ্জে ১২ জন, নরসিংদীতে ৩৯ জন, মুন্সিগঞ্জে ২ জন, মাদারিপুরে ১৮ জন, শরীয়তপুরে ১৪ জন, টাঙ্গাইলে ৪৮ জন, ময়মনসিংহে ৭২ জন, শেরপুরে ১০ জন, জামালপুরে ৭৯ জন, কিশোরগঞ্জে ৩৪ জন এবং গোপালগঞ্জে ৫ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়। ঢাকা শিক্ষা বোর্ড কন্ট্রোল রুম সূত্রে এ তথ্য মিলেছে।

**সিরাজগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** শাহজাদপুরের এসএসসি পরীক্ষা কেন্দ্র রোববার বাতিল করা হয়েছে। এ কেন্দ্রের পরীক্ষার্থীদের অবশিষ্ট পরীক্ষা ৮ই মার্চ থেকে সিরাজগঞ্জ শহরের সরকারি বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দিতে হবে। অন্যদিকে দায়িত্ব পালনে অবহেলা করায় চান্দাইকোনা স্কুলের দুজন শিক্ষককে অব্যাহতি দেয়া হয়েছে।

রোববার সকালে এক ম্যাজিস্ট্রেট শাহজাদপুর পাইলট স্কুলের পরীক্ষায় ব্যাপক নকলে বাধা দেন। এতে নকল সরবরাহকারীরা ক্ষিপ্ত হয়ে ম্যাজিস্ট্রেটকে ধাওয়া করে এবং তাকে লক্ষ্য করে ঢিল ছুড়তে থাকে। পুলিশ লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ব্যর্থ হয়। এক পর্যায়ে তারা টিয়ার গ্যাস ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং ম্যাজিস্ট্রেটকে আহত অবস্থায় উদ্ধার করে। ঘটনাটি রাজশাহী বোর্ডকে জানানো হলে বোর্ড কেন্দ্রটি বাতিল করার নির্দেশ দেয়। কেন্দ্র বাতিল করায় এলাকাবাসী ক্ষুব্ধ। শাহজাদপুরে উত্তেজনা বিরাজ করছে।

**ঈশ্বরগঞ্জ থেকে থানা প্রতিনিধি ঃ** ঈশ্বরগঞ্জ পরীক্ষা কেন্দ্রে ৪ জন ছাত্রী বহিষ্কারের জের হিসেবে ম্যাজিস্ট্রেট ও ভিজিলেন্স টিমকে লক্ষ্য করে ডিম ছুড়ে মেরেছে। গতকাল রোববার বাংলা পরীক্ষায় ঈশ্বরগঞ্জ বিশ্বেশ্বরী স্কুল কেন্দ্রে ভিজিলেন্স টিম ৪ ছাত্রীকে বহিষ্কার করার পর কেন্দ্রের অফিস কক্ষে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট ও ভিজিলেন্স টিমের সদস্যরা অবস্থানকালে তাদের লক্ষ্য করে জানালার ফাঁক দিয়ে এক যুবক ডিম ছুড়ে মারে।